



## দেশের ৮ বিমানবন্দরে নিরাপত্তা জোরদার করে সতর্কতা জারি



সংগৃহীত ছবি

পুলিশ সদর দপ্তরের সতর্কবার্তার পর দেশের আটটি বিমানবন্দরে নিরাপত্তা জোরদার করা হয়েছে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) জানিয়েছে, সর্বোচ্চ সতর্কতা নিশ্চিত করতে অতিরিক্ত ব্যবস্থা নেওয়া হয়েছে।

সোমবার (২৭ এপ্রিল) রাজধানীর কুর্মিটোলায় বেবিচকের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিক বলেন, বিমানবন্দরগুলো সব সময় নিরাপত্তা বলয়ের মধ্যে থাকে। তবে নতুন নির্দেশনার পর নজরদারি ও তল্লাশি কার্যক্রম আরও কঠোর করা হয়েছে।

পুলিশ সদর দপ্তরের চিঠি পাওয়ার পর বিমানবন্দরগুলোতে উচ্চমাত্রার সতর্কতা জারি করা হয়। গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোতে নজরদারি বাড়ানো হয়েছে এবং ইউনিফর্ম ও সাদা পোশাকে অতিরিক্ত সদস্য মোতায়েন করা হয়েছে। অ্যারাইভাল ও ডিপারচার উভয় ক্ষেত্রেই তল্লাশি জোরদার করা হয়েছে, পাশাপাশি সন্দেহজনক কিছু দেখলে তাৎক্ষণিকভাবে রিপোর্ট করার নির্দেশ দেওয়া হয়েছে।

বেবিচকের এক কর্মকর্তা জানান, এখন পর্যন্ত নির্দিষ্ট কোনো হুমকির তথ্য পাওয়া যায়নি। তবুও আগাম সতর্কতা হিসেবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। যেসব বিমানবন্দরে রাতে ফ্লাইট চলাচল নেই, সেগুলোতেও রাতের নিরাপত্তা বাড়ানো হয়েছে।

গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সম্প্রতি বাংলাদেশ পুলিশ দেশের গুরুত্বপূর্ণ স্থাপনায় সম্ভাব্য নাশকতার আশঙ্কার কথা জানিয়ে সতর্কতা জারি করে। এতে উল্লেখ করা হয়, নিষিদ্ধ ঘোষিত একটি জঙ্গি সংগঠনের সঙ্গে যুক্ত কয়েকজন ব্যক্তি সক্রিয় রয়েছে এবং তারা সমন্বিত হামলার পরিকল্পনা করতে পারে। সম্ভাব্য লক্ষ্য হিসেবে জাতীয় সংসদ, আইনশৃঙ্খলা বাহিনীর স্থাপনা, উপাসনালয় ও অন্যান্য গুরুত্বপূর্ণ অবকাঠামোর কথা বলা হয়েছে।